যুগান্তর

তারিখ ... 21 NOV 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...২৩...

# কেরানীগঞ্জে পিইসি পরীক্ষার প্রবেশপত্র ভুলে ভরা

**কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি**

ভুলে ভরা প্রবেশপত্র নিয়েই পরীক্ষা দিচ্ছে কেরানীগঞ্জের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার্থীরা। উপজেলার একাধিক কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশপত্রে যুক্তাক্ষর ভাঙার পাশাপাশি বাবা-মায়ের নামের বানানেও ভুল পাওয়া গেছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এটাকে সফটওয়্যারজনিত ভুল বলে দাবি করছে। সচেতন মহল বলছে, যেহেতু এটা পাবলিক পরীক্ষা, কাজেই নামের ভুল বানানের কারণে ভবিষ্যতে শিক্ষার্থীদের ভোগান্তি হতে পারে। অভিভাবকরা জানান, এত ভুল থাকা সত্ত্বেও এসব প্রবেশপত্রে স্কুলের প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা অফিসার স্বাক্ষর করলেন কীভাবে? এ বিষয়ে জানতে চাওয়া হলে কেরানীগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা মাজেদা সুলতানা বলেন, কম্পিউটারের সফটওয়্যার সমস্যার কারণে বেশ কয়েকটি কেন্দ্রের শিক্ষার্থীর প্রবেশপত্রের যুক্তাক্ষর ভেঙেছে। তবে যেসব স্কুলগুলোতে এমন সমস্যা দেখা গেছে তাদের আমরা সতর্ক করেছি। পরীক্ষার ১৫ দিন আগে প্রবেশপত্র দিয়েছি। এ বিষয়ে প্রধান শিক্ষকদের গাফিলতি রয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, বাস্তা ইউনিয়নের ১০-১২টি স্কুলের প্রবেশপত্র রয়েছে। বাঘাপুর চর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক ছাত্রী জানায়, প্রবেশপত্র পরীক্ষার আগের দিন প্রদান করায় ভুল সংশোধন করা সম্ভব হয়নি।